

কৃষি বিশ্ববিদ্যালয়ঃ
৫৭০টি আসনের জন্য
১০,৩০০ আবেদন

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥
আগামীকাল শুক্রবার (৯/২/৯৬)
কৃষি বিশ্ববিদ্যালয়ে প্রথমবর্ষ স্নাতক
সম্মান শ্রেণীতে (১৯৯৫-৯৬) ভর্তির
জন্য লিখিত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত
(২য় পৃঃ ৩-এর কঃ ডঃ)

কৃষি বিশ্ববিদ্যালয়

(২য় পৃঃ পর)

হইবে। ৫৭০টি আসনের জন্য
১০ হাজার ৩ শত আবেদনপত্র
জমা পড়ে। মেধা ভিত্তিতে ৫
হাজার ৭৬০ জনকে পরীক্ষায় অংশ
গ্রহণের সুযোগ দেওয়া হইবে।

এসএসসি এবং এইচএসসি পরীক্ষায়
যাহাদের মোট ১৪০৬ নম্বর আছে
সেই তাহারা এই পরীক্ষায় অংশগ্রহণের
সুযোগ পাইবে। বিশ্ববিদ্যালয় বন্ধ
ধাকায় আবাদিক হলসমূহ বন্ধ
রহিয়াছে। ফলে পরীক্ষার্থী এবং
অতিভাবকসহ প্রায় ১০ হাজার
লোকের থাকা-খাওয়ার জন্য চরম
দুর্ভোগ পোহাইতে হইবে। বিশ্ব-
বিদ্যালয় কর্তৃপক্ষ আজ বৃহস্পতি-
বার হইতে টিএসসির কেন্দ্রিন
চালুর ব্যবস্থা করিয়াছেন এবং
শহরে যাতায়াতের জন্য পরীক্ষার
দিন বিশ্ববিদ্যালয়ের বাস চালু
রাখিবেন।